# জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ (অরুণাপল্লী)'র
# ২৫.১২.২০২৪ তারিখে অনুষ্ঠিত ৪৯তম বার্ষিক সাধারণ সভার কার্য-বিবরণী

তারিখঃ ২৫.১২.২০২৪ইং

২৫ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ মোতাবেক ১০ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ রোজ বুধবার বেলা ২.০০ ঘটিকায় জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ (অরুণাপল্লী)'র ৪৯তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা কমিটির সভাপতি অধ্যাপক ড. লুৎফর রহমান। সভার প্রথমেই তিনি উপস্থিত সদস্যদের সভায় অংশগ্রহণের জন্য আহ্বান জানান। সভায় উপস্থিত সদস্যদের অনুমতিক্রমে সভাপতি মহোদয় যথারীতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণের অনুরোধে নামাজ, মধ্যাহ্ন ভোজ ও নির্বাচনী কার্যক্রমের জন্য সভা মুলতবী ঘোষণা করেন। অতঃপর বিকাল ৩.৩০ ঘটিকায় মুলতবি সভা আরম্ভ হয়। ব্যবস্থাপনা কমিটির সভাপতি সকল সম্মানিত সদস্য এবং উপস্থিত অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সাধারণ সম্পাদককে নিয়ম মাফিক সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সাধারণ সম্পাদক উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচনায় অংশগ্রহণ করেনঃ (১) জনাব দীল মোহাম্মদ (সদস্য নংঃ ২৯৫), (২) অধ্যাপক ড. আব্দুল মান্নান চৌধুরী (সদস্য নং-২৭৬/১), (৩) জনাব শারমীন্দ নিলোর্মী (সদস্য নংঃ ২৫৯ ), (৪) অধ্যাপক ড. আশরাফুল আলম (সদস্য নংঃ ৩৯০), (৫) অধ্যাপক ড. মোঃ কামাল হোসেন (সদস্য নং-২৭৬/৩), (৬) অধ্যাপক আয়শা সিদ্দীকা (সদস্য নংঃ ২৯৮), (৭) অধ্যাপক ড. এ এস এম আনোয়ারুল্লাহ ভূঁইয়া (সদস্য নংঃ ৩২৫/১), (৮) ডাঃ শাকিল আখতার (সদস্য নংঃ ২৭), (৯) অধ্যাপক ড. এম সলিমুল্লাহ খান (সদস্য নংঃ ০৭), (১০) অধ্যাপক ড. মোহাম্মদ গোলাম রব্বানী (সদস্য নংঃ ৫০৭), (১১) জনাব মীর আবুল কাশেম (সদস্য নংঃ ১৬৮), (১২) অধ্যাপক ড. কে এম মহিউদ্দিন (সদস্য নংঃ ৩২৫), (১৩) অধ্যাপক ড. শরিফ হোসেন (সদস্য নংঃ ৩৯০/১), (১৪) অধ্যাপক ড. মোঃ শামছুল আলম (সদস্য নংঃ ১৩), (১৫) অধ্যাপক ড. মোঃ শাহেদুর রশিদ (সদস্য নংঃ ৪৩৮), (১৬) অধ্যাপক ড. মোঃ নূরুল ইসলাম (সদস্য নংঃ ৪৫৭), (১৭) অধ্যাপক ড. মোহঃ মুজিবুর রহমান (সদস্য নংঃ ৪১৮), (১৮) অধ্যাপক মাসুম শাহরিয়ার (সদস্য নংঃ ৩৪৯/১) প্রমুখ।

প্রাপ্ত তথ্য মতে এ বছর ৫ (পাঁচ) জন সম্মানিত সদস্য শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। তাঁরা হলেন- অধ্যাপক ড. আমির হোসেন খান (প্লট নং-৫৮), অধ্যাপক ড. সালেহ আহমেদ (প্লট নং-৭৩), ড. এম এফ করিম (প্লট নং-২২৪), অধ্যাপক ডা. এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী (প্লট নং-২৮০), জনাব মহিউদ্দিন আহমদ (প্লট নং-২৬৮) (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)। তাঁদের বিদেহী আত্মার মাগফিরাত কামনার্থে দাঁড়িয়ে ১ মিনিট নীরবতা পালন করা হয় এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়।

আলোচ্যসূচি ১ঃ বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ।

**সিদ্ধান্তঃ** কার্যসূচীর প্রারম্ভে সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি ১-এ ৪৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী যা ইতিপূর্বে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে সকল সদস্যের নিকট পাঠানো হয়েছে, তা উপস্থিত সম্মানিত সদস্যগণ কর্তৃক অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণী যথাযথভাবে লিখিত ও উপস্থাপিত হওয়ায় এবং কারো লিখিত কোনো আপত্তি না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে বিগত ৪৮তম বার্ষিক সাধারণ সভার কার্য-বিবরণী লিপিবদ্ধকরণ সঠিক হিসেবে নিশ্চিত করা হয়।

আলোচ্যসূচি ২ঃ সাধারণ সম্পাদক কর্তৃক পেশকৃত ব্যবস্থাপনা কমিটির বার্ষিক প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন।

**সিদ্ধান্তঃ** সাধারণ সম্পাদক মহোদয় ব্যবস্থাপনা কমিটির পক্ষে বার্ষিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি ২০২৪ সালে গৃহীত যাবতীয় কার্যক্রম এবং সেই সঙ্গে ভবিষ্যৎ কর্মপরিকল্পনার একটি রূপরেখাও উপস্থাপন করেন। সভা উপস্থাপিত প্রতিবেদন ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সর্বসম্মতিক্রমে অনুমোদন করে। অপরাজিতা ক্লাব সোসাইটির অভ্যন্তরে বছর ব্যাপি বিভিন্ন ক্রীড়া ও

সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করায় ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়াও জুলাই-আগস্ট পরবর্তী আইন-শৃংখলা পরিস্থিতি অবনতির পরিপ্রেক্ষিতে সদস্যগণ কর্তৃক মাসব্যাপি রাত জেগে পাহারা দেয়ায় সংশ্লিষ্ট সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

**আলোচ্যসূচি ৩: ২০২৩-২০২৪ অর্থ বছরের অডিট রিপোর্ট অনুমোদন।**

**সিদ্ধান্ত:** সমিতির ০১.০৭.২০২৩-৩০.০৬.২০২৪ অর্থ বছরের অডিট রিপোর্ট সভায় উপস্থাপন করা হয়। অডিট অফিস কর্তৃক প্রদত্ত অভিমত ও পর্যবেক্ষণ অনুযায়ী ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বলে কোষাধ্যক্ষ মহোদয় জানান এবং সভা বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতভাবে তা অনুমোদন করে। এছাড়াও J U Ahmed & Co. Chartered Accountants কর্তৃক সম্পাদনকৃত অভ্যন্তরীণ নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে বলে কোষাধ্যক্ষ মহোদয় আশা প্রকাশ করেন।

**আলোচ্যসূচি ৪: ০১.০৭.২০২৫-৩০.০৬.২০২৬ সময়ের বার্ষিক বাজেট উপস্থাপন ও অনুমোদন।**

**সিদ্ধান্ত:** অডিট রিপোর্ট উপস্থাপনের পর সভাপতি মহোদয় সভায় ০১.০৭.২০২৫-৩০.০৬.২০২৬ সময়ের বার্ষিক খসড়া বাজেট উপস্থাপনের জন্য কোষাধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করেন। অতঃপর কোষাধ্যক্ষ মহোদয় ০১.০৭.২০২৫-৩০.০৬.২০২৭৬সময়ের খাতওয়ারি সম্ভাব্য আয়-ব্যয়ের ভিত্তিতে প্রণীত খসড়া বাজেট সভায় উপস্থাপন করেন।

কোষাধ্যক্ষ মহোদয় অভ্যন্তরীণ প্রাত্যহিক ব্যয়, সমিতির অবশিষ্ট রাস্তাসমূহের অংশ বিশেষের কার্পেটিং/বিটুমিনাস পেইন্টিং, আইনী খরচ, আইটি সলিউশন, পরিবহণ ব্যবস্থাপনা, খেলার মাঠ রক্ষণাবেক্ষণ, মৎস্য চাষ, কাঁচা ও পাকা ড্রেইন নির্মাণ, বিদ্যুৎ ও পানি সরবরাহ, সীমানা প্রাচীর নির্মাণ, দ্বিতীয় এপ্রোচ রোডের পূর্বমূখী রাস্তা উন্নয়ন, বর্জ্য ব্যবস্থাপনা, শপিংমল ও মাল্টিপারপাস হলের উন্নয়ন ইত্যাদি খাতে মোট ৬,১৮,৩৬,০০০/- (ছয় কোটি আঠারো লক্ষ ছত্রিশ হাজার মাত্র) টাকার বাজেট পেশ করেন। সম্ভাব্য ৫,৮৩,৩৮,০০০/-(পাঁচ কোটি তিরাশি লক্ষ আটত্রিশ হাজার মাত্র) টাকা আয়ের বিপরীতে ৩৪,৯৮,০০০/-(চৌত্রিশ লক্ষ আঠানব্বই মাত্র) টাকা ঘাটতি নিয়ে মোট ৬,১৮,৩৬,০০০/-(ছয় কোটি আঠারো লক্ষ ছত্রিশ হাজার মাত্র) টাকা বাজেট উপস্থাপিত হয়।

এছাড়াও ২০২১, ২০২২, ২০২৩ ও ২০২৪ সনের ন্যায় আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রত্যেক সদস্যের কাছ থেকে বার্ষিক ফি ৩৭,১০০/- (সাঁইত্রিশ হাজার একশত মাত্র) টাকা করে আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। যথারীতি একই প্লটে বসবাসরত অন্যান্য সদস্যদের বার্ষিক ফি ২৪,১০০/- টাকা হারে আদায় করা হবে। ১লা জুলাই ২০২৫ হতে সোসাইটির সদস্য অন্তর্ভুক্তি ফি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাথে সংশ্লিষ্টদের জন্য ৩,০০,০০০/-(তিন লক্ষ মাত্র) টাকা এবং অন্যান্যদের জন্য ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ মাত্র) টাকা নির্ধারণ করা হয়। এছাড়াও বর্জ্য ব্যবস্থাপনার ফি, জাবি বাস ভাড়া, মাইক্রোবাস ভাড়াসহ অন্যান্য ফি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। উপস্থাপিত বাজেটের উপর উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। আলোচনা-পর্যালোচনান্তে ০১.০৭.২০২৫-৩০.০৬.২০২৬ সময়ের বার্ষিক বাজেট অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয় (সংযুক্তি: ক)। ভাড়াটিয়াগণের স্টাবলিশমেন্ট ফি ও একাধিক ফ্ল্যাটের বার্ষিক ফি পুনঃ নির্ধারণের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হয়:

| | |
|---|---|
| ক. অধ্যাপক ড. মোহাঃ মুজিবুর রহমান | আহ্বায়ক |
| খ. অধ্যাপক ড. মুহম্মদ হানিফ আলী | সদস্য |
| গ. অধ্যাপক ড. মোঃ শামছুল আলম | সদস্য |
| ঘ. অধ্যাপক ড. ফরিদ আহমদ | সদস্য |
| ঙ. অধ্যাপক ড. মোহাম্মদ শফিক-উর রহমান | সদস্য |
| চ. অধ্যাপক ড. আশরাফুল আলম | সদস্য |
| ছ. অধ্যাপক আয়শা সিদ্দিকা | সদস্য |

একাধিক মালিকানাযুক্ত প্লটের ক্ষেত্রে উন্নয়ন ফি (৩,০০০/-) ও ড্রেইন নির্মাণ ফি (১০,০০০/-) কিভাবে সংশ্লিষ্ট প্লটের সদস্যগণের নিকট থেকে আদায় করা হবে তার সুপারিশ পেশ করার জন্য উপরোক্ত কমিটিকে অনুরোধ করা হয়। উক্ত কমিটি /

আগামী ২ মাসের মধ্যে সুপারিশ পেশ করবেন ও সুপারিশসমূহ ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে ৪৯তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হয়েছে বলে বিবেচনা করা হবে।

**আলোচ্যসূচি ৫: নির্বাচন কমিটির পক্ষে ব্যবস্থাপনা কমিটি নির্বাচন ২০২৪-এর ফলাফল অবহিতকরণ ও নতুন কমিটি অনুমোদন প্রসঙ্গে;**

**সিদ্ধান্ত:** সমিতির ২০২৫-২০২৭ মেয়াদের জন্য ব্যবস্থাপনা কমিটি নির্বাচন কার্যক্রম ২৫ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ বুধবার অনুষ্ঠিত হয়েছে। উক্ত নির্বাচনে নির্বাচন কমিটির পক্ষে সভাপতি অধ্যাপক ড. অনিরুদ্ধ কাহালী তফসিলে উল্লিখিত পদসমূহে নিম্নোক্ত প্রার্থীদের নির্বাচিত ঘোষণা করেন:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আমির হোসেন |
| সহ-সভাপতি | : | মোঃ শাহেদুর রশিদ |
| সম্পাদক | : | মোঃ সোহেল রানা |
| কোষাধ্যক্ষ | : | মোঃ শামছুল আলম |
| সদস্য | : | শাহেদ রানা |
| সদস্য | : | মাজেদা ইসলাম |
| সদস্য | : | মোহাম্মদ মাহবুবুর রহমান |
| সদস্য | : | মুহাম্মদ শফিকুল ইসলাম |
| সদস্য | : | বোরহান উদ্দিন |
| সদস্য | : | সুবর্না কর্মকার |
| সদস্য | : | দীল মোহাম্মদ |
| সদস্য | : | মোহাম্মদ গোলাম রববানী |

উপরোক্ত নির্বাচনের ফলাফল অনুযায়ী আগামী ২০২৫-২০২৭ মেয়াদের ব্যবস্থাপনা কমিটিকে উপস্থিত সম্মানিত সদস্যগণ অভিনন্দন জানান। সভায় ব্যবস্থাপনা কমিটি নির্বাচন ২০২৪ সুষ্ঠুভাবে সম্পন্ন করায় নির্বাচন কমিটি সভাপতি অধ্যাপক ড. অনিরুদ্ধ কাহালী ও কমিটির অপর দুইজন সদস্য অধ্যাপক মাসুম শাহরিয়ার এবং জনাব মোহাম্মদ মামুন অর রশীদকে উপস্থিত সদস্যগণ ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

আলোচ্যসূচি ৬: বিবিধ

৪৯তম বার্ষিক সাধারণ সভায় যোগদানকারী সম্মানিত সদস্যগণ সমিতির সার্বিক উন্নয়ন ও অগ্রগতির জন্য সন্তোষ প্রকাশ করেন। নির্ধারিত আলোচ্যসূচীর বাইরে আলোচনায় অংশগ্রহণ করে সম্মানিত সদস্যগণ নানান বিষয়ে দৃষ্টিপাত করেন এবং তাঁদের ব্যক্তিগত অভিমত সভাস্থলে ব্যক্ত করেন। সম্মানিত সদস্যগণের আলোচনায় নিম্নোক্ত বিষয়াবলী গুরুত্ব পায়:

(ক) সোসাইটির আয়-ব্যয় ও সামগ্রিক আর্থিক ব্যবস্থাপনার অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম চলমান রাখা।

(খ) নিয়মিত বার্ষিক ফি ও অন্যান্য ফি আদায় করা ও বকেয়া আছে এমন সদস্যগণের তালিকা প্রকাশ করা।

(গ) ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে চলমান সোসাইটির মামলা সমূহ দ্রুত নিস্পত্তি করা।

(ঘ) বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য মানসিক বিকাশ ও পুনর্বাসন কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেয়া।

(ঙ) ভূ-গর্ভস্থ পানি ব্যবহারের যত্নবান হওয়া। সোসাইটির অভ্যন্তরে কেন্দ্রীয়ভাবে পানি সরবরাহ ও ব্যবস্থাপনার উদ্যেগ নেয়া।

(চ) কবরস্থানের রাস্তা, প্রাচীর ও সংলগ্ন এলাকা উন্নয়ন সাধন করা।

(ছ) সোসাইটির অভ্যন্তরে প্রাথমিক স্বাস্থ্য সেবা ও জরুরি ঔষধ সরবরাহ নিশ্চিত করা।

(জ) অরুণাপল্লী জামে মসজিদের আয় ব্যয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করা ও ব্যবস্থাপনা কমিটির অনুমোদন নেয়া।

(ঝ) রাস্তায় গাড়ি ধোয়ার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা। নির্দিষ্ট গতিসীমা নিশ্চিত করার পাশাপাশি অতি মাত্রায় হর্নের ব্যবহার বন্ধ করা।

(ঞ) সোসাইটির অভ্যন্তরে শিশু ও প্রবীণদের ঘুমের ব্যাঘাত ঘটে এমন যে কোনো উচ্চ শব্দের গান-বাজনা বা নির্মাণ কাজ রাত ৮ টার পর না করা।

(ট) লেকের চতুর্দিকে সুদৃশ্য পার্কসহ ওয়াকওয়ে নির্মাণ করা।

(ঠ) শিশু-কিশোরদের জন্য সাঁতার প্রশিক্ষণের ব্যবস্থা করা।

(ড) সোসাইটির ভবন নির্মাণ রাজউকের বিধানের আওতাধীন করা।

(ঢ) সমিতির উন্মুক্ত স্থানে মালিক বিহীন পালিত কুকুর বা বেওয়ারিশ কুকুরের বিচরণ বন্ধে রাষ্ট্রীয় বিধি মোতাবেক সর্বোচ্চ কঠোর ব্যবস্থা নেয়া।

(ণ) বার্ষিক সাধারণ সভার পাশাপাশি একাধিক বিশেষ সাধারণ সভার আয়োজন করার প্রতি গুরুত্ব আরোপ করা হয়।

(ত) বর্জ্য ব্যবস্থাপনার আধুনিকায়ন করা।

(থ) ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী বিধিমালা প্রণয়ন করা। মাত্রাতিরিক্ত প্রচার-প্রাচরণা/ব্যানার/পোষ্টার/লিফলেট ইত্যাদি পরিবেশের ক্ষতি সাধন করে বলে সভায় মত প্রকাশ করা হয়।

(দ) বার্ষিক সাধারণ সভার মধ্যহ্ন ভোজ প্যাকেটে সরবরাহ করা।

উপরোক্ত বিষয়গুলো সুরাহা করার জন্য কার্যকর উদ্যোগ নেয়ার পাশাপাশি সোসাইটির সামগ্রিক পরিবেশ উন্নয়নে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখা হবে বলে ব্যবস্থাপনা কমিটি আশ্বস্ত করে। উপস্থিত সম্মানিত সদস্যগণ সোসাইটির উন্নয়ন ও সেবা সম্প্রসারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কার্যক্রম চালিয়ে যাওয়ার অনুরোধ করেন।

আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সদস্যদের আলোচনায় অংশগ্রহণের মাধ্যমে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদানের জন্য ধন্যবাদ জানান। সভায় উপস্থিত থেকে সভাকে প্রাণবন্ত করা এবং বর্তমান ব্যবস্থাপনা কমিটিকে সকল বিষয়ে সহযোগিতা করার জন্য সভাপতি মহোদয় সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সাধারণ সভা সাফল্যমণ্ডিত করার জন্য সোসাইটির অনেক সদস্য এবং কর্মকর্তা-কর্মচারী অক্লান্ত পরিশ্রম করেছেন, তাঁদেরও সভাপতি মহোদয় ধন্যবাদ জানান এবং সকলের মঙ্গল কামনা করে মধ্যাহ্ন ভোজের আমন্ত্রণ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অধ্যাপক ড. লুৎফর রহমান)
সভাপতি

(অধ্যাপক ড. মোঃ সোহেল রানা)
সাধারণ সম্পাদক